

অফিস আদেশ

পরিচালনা বোর্ডের ৬০০ তম সভার সিদ্ধান্তক্রমে কর্পোরেশনের ব্যবসায় উন্নয়নের স্বার্থে এবং দক্ষ জনশক্তিকে ব্যবসায় সুযোগ প্রদানের নিমিত্ত অবসর গ্রহণকারী ডেভেলপমেন্ট ম্যানেজার ও ডেভেলপমেন্ট অফিসারগণের আবেদনের ভিত্তিতে ৫৯ বছর বয়স পূর্তির পরবর্তী ০৮(আট) বছর অর্থাৎ (৫৯+৮)=৬৭ বছর বয়স পূর্তি পর্যন্ত নিম্নোক্ত শর্ত সাপেক্ষে কর্পোরেশনে বীমা ব্যবসা চালিয়ে চাওয়ার জন্য চুক্তিভিত্তিক কাজ করার অনুমতি দেয়া হবে :

- (ক) ৫৯বছর বয়স পূর্তির পর থেকে ৬৭ বছর বয়স পূর্তি পর্যন্ত কর্পোরেশনে কাজ করার এ অনুমতি কোন ডেভেলপমেন্ট ম্যানেজার ও ডেভেলপমেন্ট অফিসারের অধিকার হিসেবে বর্তাবে না, বিষয়টি একান্তভাবেই কর্তৃপক্ষের এখতিয়ারভুক্ত।
- (খ) কর্তৃপক্ষের সম্মতি সাপেক্ষ যে সকল ডেভেলপমেন্ট ম্যানেজার ও ডেভেলপমেন্ট অফিসারগণ ৫৯ বছর বয়স পূর্তির অব্যবহিত পূর্বের ৩(তিন) বছর শতভাগ কোটা পূরণ করেছেন কেবলমাত্র তারাই ৬৭ বছর বয়স পূর্তি পর্যন্ত কর্পোরেশনে কাজ করার অনুমতির জন্য বিবেচিত হবেন।
- (গ) অনুমতিপ্রাপ্ত ডেভেলপমেন্ট ম্যানেজার ও ডেভেলপমেন্ট অফিসারগণের কাজের অনুমতি যে কোন সময় বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।
- (ঘ) ডেভেলপমেন্ট ম্যানেজার ও ডেভেলপমেন্ট অফিসারগণ ৫৯ বছর পূর্তিকালে যে পদে অধিষ্ঠিত ছিলেন সে পদে তাদের কাজ করার অনুমতি বিবেচনা করা হবে।
- (ঙ) কাজের অনুমতিপ্রাপ্ত ডেভেলপমেন্ট ম্যানেজার এবং ডেভেলপমেন্ট অফিসারগণ কর্পোরেশন কর্তৃক নির্ধারিত কোটা পূরণ সাপেক্ষ সর্বশেষ অধিষ্ঠিত পদে ভোগকৃত মূল বেতন অনুযায়ী বেতন-ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন এবং কোন বছরের কোটা পূরণে ব্যর্থ হলে স্বয়ংক্রিয়ভাবে চুক্তি বাতিল বলে গণ্য হবে।
- (চ) অনুমতিপ্রাপ্ত ডেভেলপমেন্ট ম্যানেজার ও ডেভেলপমেন্ট অফিসারগণের পদোন্নতি বিবেচনায় আনা হবে না।
- (ছ) কাজের অনুমতিপ্রাপ্ত ডেভেলপমেন্ট ম্যানেজার এবং ডেভেলপমেন্ট অফিসারগণ চুক্তিভিত্তিক নিয়োগের অব্যবহিত পূর্বে তিনি যে পদে ও অবস্থানে কর্মরত ছিলেন, চুক্তিভিত্তিক নিয়োগের পর তিনি পূর্ব পদে ও অবস্থানে বহাল থাকবেন।
- (জ) চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত ডেভেলপমেন্ট ম্যানেজার ও ডেভেলপমেন্ট অফিসারগণের শৃঙ্খলা ও আচরণ যথাক্রমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এবং সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা-১৯৭৯ দ্বারা পরিচালিত হবে।
- (ঝ) নতুনভাবে বেতন-কাঠামো বাস্তবায়িত হলে সেক্ষেত্রে সর্বশেষ অধিষ্ঠিত পদের প্রারম্ভিক স্কেলে বেতন-ভাতাদি প্রাপ্য হবেন। এরূপ কাজের অনুমতিপ্রাপ্ত কর্মকর্তা স্বাভাবিক নিয়মে বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন। তবে বার্ষিক বেতন বৃদ্ধির সুবিধা তাঁদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।
- (ঞ) অনুমতিপ্রাপ্ত ডেভেলপমেন্ট ম্যানেজারগণের সেট-আপ পৃথক সেট-আপ হিসেবে কাজ করবে, তাদের অধীনে অন্য কোন ডেভেলপমেন্ট ম্যানেজার থাকবে না।

২.০ যে সকল ডেভেলপমেন্ট ম্যানেজার ও ডেভেলপমেন্ট অফিসারগণ বর্তমানে চুক্তিভিত্তিক নিয়োগের আওতায় কর্মরত আছেন ও যাদের ৩১-১২-২০১৮ বা তারপর চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ শেষ হয়েছে আবেদনের ভিত্তিতে তাদেরও ৬৭(সাতষষ্টি) বছর বয়স পূর্তি পর্যন্ত চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হবে।

৩.০ ৫৯ বছর বয়স পূর্তির পর চুক্তিভিত্তিক কাজ করতে আগ্রহী ডেভেলপমেন্ট ম্যানেজার ও ডেভেলপমেন্ট অফিসারগণ নির্ধারিত ফর্ম-এ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ম্যানেজিং ডাইরেক্টর বরাবর আবেদন করবেন। রিজিওনাল অফিসসমূহ আবেদনে উল্লিখিত তথ্যাদি যাচাইপূর্বক সুপারিশসহ কর্তৃপক্ষের অনুমোদনের নিমিত্ত উন্নয়ন ডিভিশন প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।

৪.০ এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোহাম্মদ মাহফুজুল হক)
ম্যানেজিং ডাইরেক্টর।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ০১। জেনারেল ম্যানেজার-প্রশাসন/হিসাব ও অর্থ/আইসিটি/গ্রুপ, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। ডেপুটি জেনারেল ম্যানেজার (চঃদাঃ)-অডিট, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। ইনচার্জ, রিজিওনাল অফিস (সকল)-
- ০৪। ইনচার্জ, কর্পোরেট সেবা দপ্তর (সকল)-
- ০৫। ম্যানেজার-বোর্ড এ্যাফেয়ার্স, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। ইনচার্জ, সেলস অফিস (সকল)-
- ০৭। ইনচার্জ, শাখা অফিস (সকল)-
- ০৮। কেন্দ্রীয় মনিটরিং সেল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৯। অফিস আদেশ ফাইল।
- ১০। সংশ্লিষ্ট ফাইল। ১১। মাস্টার ফাইল।

১২। সিদ্ধান্ত গ্রহণক্রমে - অংশগ্রহণকারী (দপ্তর/অফিস) প্রাপ্ত সার্থক প্রতিক্রিয়া (২০)